# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
## বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ২০-১০-২০২৫ খ্রি.
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ
সভাপতি : ড. শরিফুল হক ভূঞা
মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পিএসও এবং প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। গত ২১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**১। আলোচ্যসূচি-২: রাজস্ব বাজেটের সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ব্যয় (রাজস্ব) বাজেটের অনুকূলে ৬৩.১৫২৬ কোটি টাকা সংশোধিত বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৪.৬৩৮২ কোটি টাকা। সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ১২.০১২৫ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ৮২.০৬% এবং বরাদ্দকৃত অর্থের ১৯.০২%।

**২। আলোচ্যসূচি-৩ : প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

**২.১ বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের" অনুকূলে ৩৩.৬০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থের পরিমাণ ৮.৪০ কোটি টাকা। সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ১.০৫ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ১২.৫০% এবং বরাদ্দকৃত অর্থের ৩.১৩%।

**২.২ তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছর বাস্তবায়নাধীন "তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের" অনুকূলে ০.৪৮৭৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে আইবাস অনুযায়ী প্রাপ্যতা ০.৪৭০০ কোটি টাকা। সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ০.০৯২০ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ১৯.৫৭% এবং বরাদ্দকৃত অর্থের ১৮.৮৭%।

**২.৩ "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর অনুকূলে ৬.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ১ম, ২য় ও ৩য় কিস্তিসহ মোট ৪.৫০ কোটি টাকা ছাড় হয়েছে। সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ২.৩৩৭০ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ৫১.৯৩% এবং বরাদ্দকৃত অর্থের ৩৮.৯৫%।

**২.৪ বিশ্ব ব্যাংক/ IFAD এর ঋণ অর্থায়নে "Establishment of Irradiation Center প্রকল্পের সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

"Establishment of Irradiation Center" এর মোট প্রকল্প বরাদ্দ ১১৫.০০ কোটি টাকা। ২০২৫-২৬ অর্থ বছরের আরএডিপি ১ম ও ২য় কিস্তিতে ১১.০০ কোটি টাকা ছাড়করণ প্রক্রিয়াধীন রয়েছে।

**৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | বিনা'য় চলমান সকল প্রকল্প/কর্মসূচির খাতওয়ারী আর্থিক মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম কার্যদিবসে মহাপরিচালকের নিকট প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক / পরিচালক (প্রশা. ও সা. সা.) পত্রজারির নিমিত্ত |
| ৩.২ | সব প্রকল্পের/কর্মসূচির খাতওয়ারী বরাদ্দ ও খরচের হিসাব কার্যপত্রে প্রদর্শন করতে হবে। বিনা'য় চলমান সকল প্রকল্প, কর্মসূচি এবং বিদেশি ফান্ডে পরিচালিত প্রকল্প/কর্মসূচির ডিপিপি'র একটি কপি মহাপরিচালকের দপ্তর এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখায় জমা দিতে হবে। | প্রকল্প / কর্মসূচি পরিচালক |
| ৩.৩ | "Beel and Saline Agriculture Research and Development" শীর্ষক কমিটি প্রকল্পের টাইটেল টা পরিবর্তন করে হাওড় কে সংযুক্ত করে নতুন ভাবে RESPEC সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, ডিপিপি প্রণয়ন কমিটি |

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.৪ | বিনা'য় চলমান বিভিন্ন প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত যন্ত্রপাতির বর্তমান অবস্থা সংক্রান্ত প্রতিবেদন সচিব বরাবর প্রেরণের উদ্দেশ্যে ৩ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি মেশিনগুলো কোন সোর্স থেকে ক্রয় করা হয়েছে, কবে ক্রয় করা হয়েছে, কতো টাকা, কাজ ইত্যাদি তথ্য একটি নির্দিষ্ট ফরম্যাটে প্রতিবেদন আকারে প্রস্তুত করে জমা প্রদান করতে হবে। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| ৩.৫ | বিনা'য় চলমান বিভিন্ন প্রকল্পের মনিটরিং কার্যক্রম নিয়মিতভাবে করতে হবে এবং মনিটরিং ক্যালেন্ডার তৈরি করে মহাপরিচালকের দপ্তরে জমা দিতে হবে। | প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক |
| ৩.৬ | ২০২৫-২৬ অর্থবছরের গবেষণা কর্মসূচিতে Beel area এর জন্য বর্ষা মৌসুমে সবজি উৎপাদনের জন্য Vertical পদ্ধতিতে একটি পরীক্ষণ ও Floating পদ্ধতিতে ধান উৎপাদনের জন্য একটি পরীক্ষণ এবং আসন্ন রবি মৌসুমে Saline area এর জন্য Community Pondings পদ্ধতি ব্যবহার করে একটি পরীক্ষণ স্থাপন করতে হবে। | প্রধান, কৃষি প্রকৌশল, মৃত্তিকা বিজ্ঞান ও কৃষিতত্ত্ব বিভাগ |
| ৩.৭ | GCসহ প্রতিষ্ঠানের অন্যান্য যন্ত্রপাতি দ্বারা নমুনা বিশ্লেষণের জন্য প্রতিষ্ঠান বহির্ভূত অন্যদের জন্য নীতিমালা প্রণয়ন ও সার্ভিস চার্জ নির্ধারণ/পুন:নির্ধারণের জন্য গঠিত কমিটি বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR)-কে স্ট্যান্ডার্ড ধরে মূল্য পুন:বিবেচনা করতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি |
| ৩.৮ | বিনা'র রাজস্ব এবং প্রকল্পের প্রশিক্ষণগুলো যথাযথভাবে আয়োজন নিশ্চিত করতে হবে। | ট্রেনিং অফিসার |
| ৩.৯ | প্রতি মাসে RESPEC সভা আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | পরিচালক (গবেষণা) |

৪। **কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের জুন ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার গৃহিত সিদ্ধান্ত:**

| ক্র. নং | সিদ্ধান্ত | বিনা কর্তৃক গৃহীত পদক্ষেপ |
|---|---|---|
| ৪.১ | সকল সরকারি কর্মচারীকে সামাজিক যোগাযোগের মাধ্যমসমূহ ব্যবহারের ক্ষেত্রে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুসরণ করতে হবে; | সকল সরকারি কর্মচারীকে সামাজিক যোগাযোগের মাধ্যমসমূহ ব্যবহারের ক্ষেত্রে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুসরণ করা হচ্ছে। |
| ৪.২ | ক্রয় প্রক্রিয়ায় শতভাগ স্বচ্ছতা বজায় রাখতে হবে। এক্ষেত্রে কোনো অনিয়ম, স্বজনপ্রীতি ও দুর্নীতি পাওয়া গেলে প্রকল্প সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ক্রয় প্রক্রিয়ায় শতভাগ স্বচ্ছতা বজায় রাখার জন্য কমিটির মাধ্যমে তদারকি করা হচ্ছে। |
| ৪.৩ | কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। |
| ৪.৪ | জুলাই বিপ্লবে আহতদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৪.৬ | প্রকল্পের আওতায় প্রশিক্ষণ ও কর্মশালার ব্যয় যৌক্তিক পর্যায় রাখতে হবে। কৃষক প্রশিক্ষণে কৃষকের ব্যবহার উপযোগী প্রশিক্ষণ সামগ্রী প্রদান করতে হবে; | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৪.৭ | ২০২৫-২৬ অর্থবছরের সকল প্রকল্পের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করে আগামী ৩০ জুলাই ২০২৫ তারিখের মধ্যে দপ্তর/সংস্থার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে; | ২০২৫-২৬ অর্থবছরের সকল প্রকল্পের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করে যথাশীঘ্র দপ্তর/সংস্থার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করে মন্ত্রণালয়কে অবহিত হয়েছে। |
| ৪.৮ | কৃষি মন্ত্রণালয়ের আওতায় সকল দপ্তর/সংস্থার অফিস প্রাঙ্গনের পরিষ্কার-পরিচ্ছন্নতা আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে; | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৪.৯ | কৃষি মন্ত্রণালয়ের আওতায় সকল দপ্তর/সংস্থার অকেজো গাড়ি অতিসত্বর বিধিমোতাবেক নিষ্পত্তি করতে হবে; | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৪.১০ | প্রকল্পের মেয়াদ ও ব্যয় কোনো অবস্থাতেই বৃদ্ধি করা যাবে না; | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৪.১১ | "বাংলাদেশের চর এলাকায় আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ" প্রকল্পের সেচ কাজে ভূ-উপরিস্থ পানির ব্যবহার নিশ্চিত করতে হবে; | প্রযোজ্য নয় |

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড.শরিফুল হক ভুঞা)
মহাপরিচালক